



১৯-২০'র

বাংলা ছোট গল্প



সম্পাদনা

চন্দ্রযল্লী সেনগুপ্ত

সরসিজ সেনগুপ্ত





১৯-২০'র বাংলা ছোটগল্প  
সম্পাদনা  
চন্দ্রমল্লী সেনগুপ্ত ।। সরসিজ সেনগুপ্ত

প্রথম প্রকাশ : নভেম্বর ২০২১

লেখক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ISBN : 978-81-953422-7-3

অক্ষর বিন্যাস : রূপম চক্রবর্তী

প্রুফ সংশোধন : নিমাই দে

প্রচ্ছদ : অমিত মণ্ডল

সোম পাবলিশিং-এর পক্ষে ২১, কানাই ধর লেন, কলকাতা ৭০০ ০১২ থেকে সর্বাণী কুশারী কর্তৃক প্রকাশিত এবং মা শীতলা প্রিন্টিং ওয়ার্কস, ১৩, শশীভূষণ দে স্ট্রিট, কলকাতা ৭০০ ০১২ থেকে মুদ্রিত।

19-20'r Bangla Choto Galpo

edited by :

Chandramalli Sengupta

Sarasij Sengupta

Published by **SOM PUBLISHING**

21, Kanai Dhar Lane, Kolkata 700 012

Ph - 8697267510 / 9874094834

Email : sompublishing16@gmail.com

বিনিময় : ২২৫ টাকা



## সূচিবিন্যাস

বাংলা ছোটগল্পের পরম্পরা

প্রথম প্রস্তাব:

বাংলা ছোটগল্প সূচনা থেকে প্রাক্‌স্বাধীনতা ৩৩

শর্মিলা ঘোষ

দ্বিতীয় প্রস্তাব:

স্বাধীনতা পরবর্তী বাংলা ছোটগল্প ৬৬

সৌমেন দাসঠাকুর

প্রথম পর্ব : ১৯ শতকে জাত লেখকগোষ্ঠীর গল্প

ডমরু-চরিত কথা অমৃতসমান ১০১

মানসী সেনগুপ্ত

রসময়ীর রসিকতা : বিচিত্র রসের জীবনকথা ১২১

মানসী সেনগুপ্ত

‘দেবদাসী’—ভক্তির আড়ালে এক সামাজিক ব্যাধির চলমান ছবি ১৪০

সঙ্গীতা ঘোষ

প্রেমাকুর আতর্থীর ‘জেলফেরত’ : বিচারহীন নির্বাসনের কাহিনি ১৪৮

সন্দীপ দে

জগদীশ গুপ্তর ‘চন্দ্র-সূর্য যতোদিন’—কিছু ভাবনা, প্রতিক্রিয়া ১৫৮

চিত্রিতা বন্দ্যোপাধ্যায়

রমেশচন্দ্র সেনের ‘ডোমের চিতা’ : জিজীবিষার অনুধ্যান ১৬৭

শুভদীপ সরকার

‘কিন্নরদল’ : সমাজ-মনস্তত্ত্বের দৃষ্টিতে ১৭৪

সাগরিকা ঘোষ

‘জামরুলতলা’ : নিঃসঙ্গ আত্মমগ্নতার ইতিকথা ১৮০

সোমা পাল চাকী

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের রক্তসন্ধ্যা : একটি ইতিহাস-পরিক্রমণ ১৮৫

মহুয়া চক্রবর্তী

বনফুলের ‘তাজমহল’ ১৯২

নীলাঞ্জনা গুপ্ত



## প্রথম প্রস্তাব : বাংলা ছোটগল্প সূচনা থেকে প্রাক্‌স্বাধীনতা শর্মিলা ঘোষ

মানবসভ্যতার আদিম পর্যায় থেকেই গল্প বলা এবং শোনা মানুষের সহজাত প্রকৃতি। ছোটগল্প সাহিত্যের নবতম সংরূপ কিন্তু গল্প মানবসভ্যতার মতোই প্রাচীন। আবিষ্কার হবার আগে মানুষ মুখে মুখে গল্প বলত। লোক পরম্পরার সেই লোকজীবনে প্রচলিত ছিল। সেইসব গল্প লিখিত আকারে না থাকলেও মৌখিক চারিত হয়েছে প্রজন্ম থেকে প্রজন্মাস্তরে। এর চিহ্ন ছড়িয়ে রয়েছে আরুপকথায়, লোককথায় এবং অন্যান্য নানা পরিসরে।

লিখিত সাহিত্যের বিভিন্ন ধারাতেও স্বভাবতই রয়েছে বহু গল্পের উৎস। পৃথিবীর সব ভাষার সাহিত্য সম্বন্ধেই একথা সত্য। কিন্তু তা সত্ত্বেও প্রথমেই লেখা হয়নি। তার জন্য অপেক্ষা করতে হয়েছে আরও দীর্ঘযুগ।

ছোটগল্প শিল্পবিপ্লব পরবর্তী যুগের ফসল, আধুনিক যুগের সন্তান। প্রায়শই আত্মনাসন্ধানী ব্যক্তিত্বের উদ্বোধন না হলে ছোটগল্প-উপন্যাসের জন্ম হতো না—এমনটাই মত বিশিষ্ট সমালোচকের। (কালের পুত্রলিকা—অরুণকুমার মুখোপাধ্যায়)

বঙ্গত উনিশ শতক পর্যন্ত এভাবেই চলেছে। তারপর উনিশ শতক জুড়ে ছোটগল্প নামক সংরূপটির হয়ে ওঠার আয়োজন। প্রথমে পাশ্চাত্যের বিভিন্ন দেশে এবং পরে ক্রমশ বাংলা সাহিত্যেও এক স্বতন্ত্র রূপ হিসেবে এর প্রকাশ ঘটে। সামান্য বিস্তার। উনিশ শতকেই প্রথম পৃথিবীর বিভিন্ন দেশের সাহিত্যে ‘ছোটগল্প’ উপন্যাসের মাহিমায় প্রকাশ পেতে শুরু করল। সর্বপ্রথম আমেরিকায় এর স্বীকৃতি